রেজিস্টার্ড নং ডি এ ১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ১৮, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

আদেশ

ঢাকা, ৩০শে বৈশাখ, ১৩৯৪/১৪ই মে, ১৯৮৭

নং এস,আর,ও ১১-এল/৮৭/১০৬৪/শুল্ক—Customs Act 1969 (IV of 1969)-এর section 21 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ১৯৮৪ সালের ২৭শে জুন তারিখের এস,আর,ও ২৯৩-এল/৮৪/৮৫১/কাস নম্বর আদেশটি এতদ্বারা রহিত করিলেন।

আবদুল কাইউম

প্রথম সচিব (শুল্ক)।

[নথি নং ৮(৫)কাস-১/৮৭।

প্রজ্ঞাপন

ঢাকা, ৩০শে বৈশাখ, ১৩৯৪/১৪ই মে, ১৯৮৭

নং এস,আর,ও ১২-এল/৮৭/১০৬৫/শুল্ক—Customs Act 1969 (IV of 1969)-এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৯৮৬ সালের ২৭শে জুন তারিখের এস,আর,ও ২১৮-এল/৮৬/১৯৩/কাস নম্বর প্রজ্ঞাপনে নিম্নরূপ সংশোধন করিলেন, যথাঃ

উপরিউক্ত প্রজ্ঞাপনের Table এ, column (1) এ Tariff Heading No. 73.15 এর বিপরীতে column (2) এর এন্ট্রি (i) এ "sheets" শব্দটির পর "of size 4'×8' and thickness SWG 12 or 12mm" শব্দাবলী ও সংখ্যাসমূহ সন্নিবেশিত হইবে।

মূল্য ঃ ৩০ পয়সা

S.R.O. No. 91/1987 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 1 / 2

২। এই আদেশ ২১শে মার্চ ১৯৮৭ অর্থাৎ ৬ই চৈত্র ১৩৯৩ তারিখ হইতে কার্যকর আছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

তবারক আলী
অতিরিক্ত সচিব।

[নথি নং ৮(৫)কাস-১/৮৭]

(আয় কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ৩রা জ্যৈষ্ঠ, ১৩৯৪ /১৮ই মে, ১৯৮৭

নং এস.আর.ও ১৩-এল/৮৭—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984)-এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ঢাকার তেজগাঁও শিল্প এলাকাস্থ এসেন-সিয়াল ড্রাগস্ কোম্পানী লিমিটেড, অতঃপর উক্ত কোম্পানী বলিয়া উল্লেখিত, এর কর্মচারীগণের পক্ষে, বাংলাদেশে তাহাদের বেতন খাতে প্রাপ্ত বা প্রাপ্ত বলিয়া গণ্য, অথবা উপচিত বা উদ্ভূত, অথবা উপচিত বা উদ্ভূত বলিয়া গণ্য আয়ের উপর আরোপনযোগ্য ততটুকু কর অব্যাহতি দান করিলেন যতটুকু কর কর্মচারীবৃন্দ কর্তৃক প্রদেয় করের অতিরিক্ত হইত যদি উক্ত কোম্পানী কর্মচারীদের পক্ষে কর দিতে সম্মত না হইত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সাইদুল হক চৌধুরী
অতিরিক্ত সচিব।

খন্দকার ওবায়দুল মোত্তাদের, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
কর্তৃক প্রকাশিত।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com